

## তৃতীয় দিন এসএসসি দাখিল ও সমমানের পরীক্ষায় ১৬ শিক্ষার্থী ও এক শিক্ষক বহিষ্কার

□ স্টাফ রিপোর্টার

এসএসসি দাখিল ও সমমানের পরীক্ষার তৃতীয় দিনে ১৬ শিক্ষার্থী ও এক শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। গতকাল (৩৩-৩৪) আটটি সাধারণ শিক্ষা বোর্ড, যাদুগাঙ্গা ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষায় নকল করার দায়ে এই শিক্ষার্থী ও শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। গত ৫ ফেব্রুয়ারি এসএসসি'র বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষা হওয়ার কথা ছিল। কিন্তু জামায়াতের ডাকা হরতালের কারণে এই পরীক্ষা পিছিয়ে দেয়া হয়। গতকাল সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। সবগুলো বোর্ডে এ বিষয়ের পরীক্ষায় উপস্থিতির সংখ্যা ছিল ১১ লাখ ৫৩ হাজার ৪১৮ জন। পরীক্ষা উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়ে স্থাপিত নিয়ন্ত্রণ কক্ষ থেকে সন্ধ্যায় এ তথ্য জানানো হয়। মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষ থেকে জানানো হয়, পরীক্ষায় অনিয়মের অভিযোগে কুমিল্লা বোর্ডে একজন শিক্ষককে বহিষ্কার এবং ঢাকা বোর্ডে ৬ জনসহ মোট ১৬ শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়। ৩ ফেব্রুয়ারি সারাদেশে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়। গত মঙ্গলবার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মানবঅধিকারবিরোধীদের বিচারের নামে গ্রহসন হচ্ছে— এমন দাবি নিয়ে সারাদেশে গত মঙ্গলবার হরতালের ডাক দেয় জামায়াতে ইসলামী।